

পরিবেশ ও বন মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিবের জীবনালেখ্য



ইসতিয়াক আহমদ
পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সচিব

পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সচিবের বিস্তারিত জীবনবৃত্তান্ত

জনাব ইসতিয়াক আহমদ বাংলাদেশ সিভিল সার্ভিস এর প্রশাসন ক্যাডারের একজন সদস্য। তিনি বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরে সহকারী পরিচালক (সহকারী ভূতত্ত্ববিদ) হিসেবে ১৯৮৪ সালে চাকরী জীবন শুরু করেন। ১৯৮৬ সালে তিনি বাংলাদেশ সিভিল সার্ভিসে (প্রশাসন ক্যাডার) যোগদান করেন। তিনি মাঠ প্রশাসন, বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশন ও বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে দায়িত্ব পালন করেন। জনাব ইসতিয়াক আহমদ মন্ত্রিপরিষদ বিভাগে উপ সচিব, যুগ্ম সচিব ও অতিরিক্ত সচিব পদে ধারাবাহিকভাবে দীর্ঘ ১১ বছর দায়িত্ব পালন করেন। তিনি পরিবেশ ও বন মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব হিসেবে ২২ ডিসেম্বর ২০১৬ তারিখে যোগদান করেন। এ পদে যোগদানের পূর্বে তিনি বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ সংস্থার (পেট্রোবাংলা) চেয়ারম্যান পদে কর্মরত ছিলেন। কর্মজীবনে তিনি যুক্তরাজ্য, নেদারল্যান্ডস, মালয়েশিয়া, সিঙ্গাপুরসহ বিভিন্ন দেশে উচ্চতর প্রশিক্ষণ গ্রহণ করেন। তিনি একজন জনকল্যাণমুখী ও পেশাদার সরকারি কর্মচারী। তাঁর সহধর্মিনী জনাব হোসনে আরা বাংলাদেশ সরকারের একজন অতিরিক্ত সচিব।